T@NB!R 01738359555

পেনড্রাইভ

পেনড্রাইভের নানা ব্যবহার

পেনড্রাইভ একটি পোর্টেবল ইউএসবি মেমরি ডিভাইস। এটি দিয়ে খুব দ্রুত ফাইল, অডিও, ভিডিও, সফটওয়্যার এক কমপিউটার থেকে অন্য কমপিউটারে ট্রান্সফার করা যায়। এই ডিভাইসটি এতই ছোট যে যেকেউ পকেটে বা ব্যাগে করে সহজে বহন করতে পারেন এবং মূল্যবান তথ্য সবসময় পেনড্রাইভে রেখে ব্যবহার করেন।

01738359555

পেনড্রাইভ বর্তমানে অনেকেই ব্যবহার করে থাকেন। আর এই পেনড্রাইভ দৈনন্দিন জীবনে একটি বড় অংশ হিসেবে কাজ করছে, যা আমাদেরকে ছোট পোর্টেবল হার্ডডিস্কের সুবিধা দিয়ে থাকে। যারা নিয়মিত কমপিউটার ব্যবহার করে থাকেন বা যাদের দরকারী ফাইল সবসময় প্রয়োজন হয় তাদের অনেকেই পেনড্রাইভ ব্যবহার করে থাকেন। পেনড্রাইভ দিয়ে শুধু তথ্য আদানপ্রদানই নয়, এর বাইরের অনেক কাজেও ব্যবহার করা যায়। তাই এবারের লেখায় পেনড্রাইভের নানাবিধ সুবিধা ও ব্যবহার সম্পর্কে বিস্তারিত

Email:tanbir_cox@yahoo.com
web: http://tanbir.99k.org

T@NB!R 01738359555
আলোচনা করা হয়েছে।

পোর্টেবল অ্যাপ্লিকেশন

অনেককেই বিভিন্ন কাজে বাইরে ভিন্ন পরিবেশের কমপিউটারে কাজ করতে হয়। সেক্ষেত্রে ভিন্ন পরিবেশের কমপিউটারের অ্যাপ্লিকেশন বা টুলগুলো অনেক অচেনা মনে হতে পারে। সেক্ষেত্রে আপনি পোর্টেবল অ্যাপ্লিকেশন ব্যবহার করতে পারেন। বেশ কয়েক সংখ্যা আগে পোর্টেবল অ্যাপ্লিকেশনের ওপর বিস্তারিত আলোচনা করা হয়েছিল। এই পোর্টেবল অ্যাপ্লিকেশনের কাজ হচ্ছে এটি এমন একটি অ্যাপ্লিকেশন, যার ভেতর অনেক ধরনের টুল বিল্টেইন অবস্থায় থাকে। যেমন : এন্টিভাইরাস, ওপেন অফিস, ইনস্ট্যান্ট মেসেঞ্জার, ফায়ারফক্স, গেমস, ভিডিও-অডিও প্লেয়ারসহ বেশ কয়েক ধরনের টুল। এই টুলগুলো আপনার পেনড্রাইভে নিয়ে যেকোনো কমপিউটারে বসে পেনড্রাইভ থেকে ব্যবহার করতে পারেন। এতে আপনাকে পরিবেশ ভিন্ন হওয়ার পরও অ্যাপ্লিকেশনগুলোকে অচেনা মনে হবে না।

পেনড্রাইভ দিয়ে লগইন-লগআউট

ইউজার সিকিউরিটি বর্তমানে একটি প্রধান বিষয় হয়ে দাঁড়িয়েছে। বর্তমানে অনেকেই কমপিউটারের লগইন পাসওয়ার্ডকে সিকিউর ভাবেন না, কারণ হ্যাকারদের কাছে কমপিউটারের পাসওয়ার্ড বের করা তেমন কষ্টকর নয়। সেক্ষেত্রে পেনড্রাইভ দিয়ে এর সিকিউরিটি দেয়া সম্ভব। বর্তমানে অনেক ফ্ল্যাশড্রাইভ বা পেনড্রাইভের সাথে সফটওয়্যার আসছে, যা দিয়ে লগইন-লগআউট অপশন সেট করা যায়। BlueMicro USB Flash Drive Logon এমন একটি থার্ড পার্টি সফটওয়্যার, যা আপনাকে ওপরের সুবিধাটি দিতে পারে। এই সফটওয়্যারের ব্যবহার দিয়ে আপনার পেনড্রাইভকে কমপিউটারের জন্য একটি চাবি হিসেবে

Email:tanbir_cox@yahoo.com
web: http://tanbir.99k.org

T@NB!R 01738359555
ব্যবহার করতে পারবেন। যেমন ধরুন আপনি কমপিউটারে লগইন করতে চাচ্ছেন সেক্ষেত্রে আপনার নির্দিষ্ট পেনড্রাইভ ইউএসবি পোর্টে সংযোগ এবং কমপিউটারে পাসওয়ার্ড দিয়ে লগইন করতে হবে। পেনড্রাইভ ছাড়া কমপিউটারে লগইন করতে পারবেন না। এই পদ্ধতি যেমনি সিকিউরিটি বাড়িয়েছে, তেমনি একটি সমস্যাও রয়েছে। কোনো কারণে পেনড্রাইভটি হারিয়ে গেলে আপনি নিজেই কমপিউটারে লগইন করতে পারবেন না।

ক্যাস বাড়াতে পেনড্রাইভ

কিছু প্লাগইন আপনার কমপিউটারের স্পিড বাড়াতে সক্ষম হবে। Windows ReadyBoost নামে একটি ফিচার রয়েছে যা উইন্ডোজ ভিসতাতে কাজ করে এবং উইন্ডোজ এক্সপির জন্য রয়েছে eBoostrer। অনেক ইউজারের কমপিউটারের র‍্যাসমের সাইজ কম থাকে। যার ফলে কমপিউটারের স্পিড কমে যায়। কমপিউটারের স্পিড বাড়ানোর জন্য পেনড্রাইভ ব্যবহার করতে পারেন। আপনার পেনড্রাইভটি ইউএসবি পোর্টে যুক্ত করুন। নরমাল কমপিউটারে উইন্ডোজের মেমরির পেজ ফাইল সি ড্রাইভে সেভ হয়ে থাকে। আপনি তা পরিবর্তন করে পেনড্রাইভের লোকেশন দেখিয়ে দিতে পারেন। এতে পেজ ফাইলের স্টোরের সাইজের পরিমাণ বাড়বে।

এনক্রিপ্টেড ডাটা

আপনার ব্যবহারের সব ফাইল, ফোল্ডারকে পেনড্রাইভে নিয়ে বিভিন্ন জায়গায় যাচ্ছেন এবং ভিন্ন পরিবেশের কমপিউটারে ব্যবহার করছেন। অনেক সময় আপনার খুব পার্সোনাল ফাইল বা পাসওয়ার্ডসমূহের তথ্য পেনড্রাইভে থাকতে পারে। কিন্তু যদি কোনো কারণে পেনড্রাইভটি হারিয়ে যায়, তাহলে আপনার পার্সোনাল তথ্যগুলো অন্যের কাছে চলে যেতে পারে। এক্ষেত্রে আপনি আপনার পার্সোনাল ডাটাগুলোকে

Email:tanbir_cox@yahoo.com
web: http://tanbir.99k.org

T@NB!R 01738359555
এনক্রিপ্টেড করে রাখতে পারেন। এনক্রিপ্টেড করার জন্য TrueCrypt, Dekart Private Disk Light টুলগুলো ব্যবহার করতে পারেন। এনক্রিপ্ট করার আগে এর ব্যবহারবিধি পড়ে নেবেন।

সিস্টেম অ্যাডমিনের ড্রাইভার

অনেক সিস্টেম অ্যাডমিন রয়েছে, যাদের কমপিউটারে নিয়মিত ড্রাইভার আপডেট বা ইনস্টল করতে হয়। সেক্ষেত্রে ড্রাইভারগুলোকে এক্সটারনাল হার্ডডিস্কে সেভ করে নিয়ে কাজ করে থাকেন অথবা সিডি বা ডিভিডিতে রাইট করে নিয়ে ব্যবহার করে থাকেন। কিন্তু ড্রাইভারগুলোকে পেনড্রাইভের একটি নির্দিষ্ট ফোল্ডারে রেখে ব্যবহার করা হয় তাহলে অনেক সুবিধা পাওয়া যাবে। যেমন : পেনড্রাইভ ওজনে হালকা হওয়াতে সবসময় এটি বহন করা যাবে এবং বিভিন্ন ড্রাইভের আপডেট বের হলে তা পেনড্রাইভে খুব সহজে আপডেট এবং ব্যবহার করা যাবে।

পোর্টেবল অপারেটিং সিস্টেম

বর্তমানে পোর্টেবল অ্যাপ্লিকেশনের পাশাপাশি পোর্টেবল অপারেটিং সিস্টেম বের হয়েছে। অনেকেই আছেন, যারা উইন্ডোজ অপারেটিং সিস্টেমের পাশাপাশি লিনআক্স ব্যবহার করতে চাচ্ছেন, কিন্তু পার্টিশনের ভয়ে লিনআক্স ব্যবহার করতে পারছেন না। সেক্ষেত্রে পেনড্রাইভে পোর্টেবল লিনআক্সকে নিয়ে খুব সহজে ব্যবহার করতে পারেন। আপনার কমপিউটারের প্রয়োজনীয় ফাইলগুলোকে পোর্টেবল অপারেটিং সিস্টেম দিয়ে ব্যবহার করতে পারবেন।

অনেক ক্ষেত্রে দেখা যায় ভিন্ন পরিবেশে কমপিউটার ব্যবহার করতে গেলে কমপিউটারের ব্যবহারবিধির ওপর অনেক রেস্ট্রিকশন থাকে। সেক্ষেত্রে পোর্টেবল

Email:tanbir_cox@yahoo.com
web: http://tanbir.99k.org

T@NB!R 01738359555
অপারেটিং সিস্টেম ব্যবহার করতে পারেন। এতে আপনাকে কোনো রেস্ট্রিকশনের ভেতর থাকতে হবে না।

কোনো বন্ধুর কমপিউটার ব্যবহার করতে চাচ্ছেন, কিন্তু তার কমপিউটারটি ভাইরাসে আক্রান্ত, সেক্ষেত্রে পোর্টেবল অপারেটিং সিস্টেম দিয়ে আপনি কমপিউটারটি ব্যবহার করতে পারবেন এবং আপনার বন্ধুর কমপিউটারের ভাইরাসগুলোকে রিমুভ করতে পারবেন। বেশ কিছু পোর্টেবল অপারেটিং সিস্টেম হচ্ছে Knoppix, DamnSmall Linux, Puppy Linux, Linux Mint ইত্যাদি।

রিকোভারি এনভায়রনমেন্ট

উইন্ডোজ এক্সপি অনেকেই ব্যবহার করেন কিন্তু ভাইরাসের কারণে অনেক সময় ফাইল মিসিং হয় এবং ফাইল বা ডিএলএল মিসিংয়ের কারণে অনেক সময় কমপিউটার অন হয় না। সেক্ষেত্রে নতুন করে উইন্ডোজ সেটআপ দিয়ে থাকেন। কিন্তু পেনড্রাইভ দিয়ে আপনি এ সমস্যা থেকে মুক্তি পেতে পারেন। উইন্ডোজ এক্সপির রিকোভারি করার ফাইলগুলো পেনড্রাইভে নিয়ে খুব সহজে এক্সপি রিকোভারি অপশন থেকে রিকোভার করে নিতে পারেন। Bartpe এমন একটি গ্রাফিক্যাল রিকোভারি টুল।

Tanbir Ahmad Razib
Mobile No:: 01738-359555/
/01916-457075//
E_Mail :: tanbir_cox@yahoo.com // tanbir.cox@gmail.com
Facebook:: http://www.facebook.com/tanbir.cox (srch: Tanbir Ahmad)

Email:tanbir_cox@yahoo.com
web: http://tanbir.99k.org

Web Site :: http://tanbir.99k.org

আপনার পেনড্রাইভকে বুটেবল করুন একদম সহজ উপায়ে....

আমরা সাধারণত উইন্ডোজ ইন্সটল দিয়ে থাকি সিডি দিয়ে। এতে করে বেশ সময় লেগে যায়। কিন্তু আমরা যদি পেনড্রাইভ দিয়ে বুট করে উইন্ডোজ ইন্সটল দেই তাইলে আরো কম সময়ে আপনি উইন্ডোজ ইন্সটল দিতে পারবেন। এজন্য আপনাকে আপনার পেনড্রাইভকে প্রথমেই বুটেবল করে দিতে হবে। সেজন্য আপনি নীচের পদ্ধতি অনুসরণ করুনঃ

* প্রথমে পেন-ড্রাইভটা NTFS এ ফরম্যাট করুন।
এজন্য আপনি যদি উইন্ডোজ সেভেন ব্যাবহার করেন তাইলে শুধু ফরম্যাট দেয়ার সময় ঐখানে FAT32 এর বদলে NTFS দিয়ে ফরম্যাট করুন। ব্যাস কাজ শেষ।

* আপনার ড্রাইভে উইন্ডোস ৭ এর ডিস্ক ঢুকান।

একখান জব্বর আইডিয়া!!! আপনার পেনড্রাইভের জায়গা বাড়িয়ে নিন.....

আমরা সাধারণত দেখি যে পেনড্রাইভের ফম্যাট থাকে FAT বা FAT32, যার জন্য কিছু জায়গা কম পাওয়া যায়। আমরা চাইলে এটি NTFS ফরম্যাটে নিয়ে জায়গা

বাড়িয়ে নিতে পারি।
সেজন্য প্রথমেই পেনড্রাইভটি ফরম্যাট করতে হবে। তারপর রানে গিয়ে cmd লিখে এন্টার দিন। এবং লিখুন convert X:/FS:NTFS লিখে এন্টার করুন। এখানে X এর জায়গায় আপনার পেনড্রাইভের যে ড্রাইভ লেটার আছে তা দিন যেমন J,I হলে ঐটা। এখন My Computer এ right click করে properties এ যান। এখানে Compress Drive To Save Disk Space অপশনে টিক চিহ্ন দিয়ে ok করুন। এখন Apply To Sub Folders and Files অপশনে ok করে বের হয়ে আসুন।
এখন পেনড্রাইভে কোন ফাইল কপি করলে বেশ জায়গা নিবে না ফলে অনেক মেমোরি বাঁচবে। কি হল না একটা জব্বর আইডিয়া??

USB দিয়ে ভাইরাস আর ঢুকবেনা আপনার কম্পিউটারে! (একটু সচেতন হউন)

ডাটা ট্রাভেলার USBs and/or MP3 devices এর চেয়ে উপকারী বিষয় কমই আছে। এর যেমন উপকারী দিক আছে ঠিক তেমন অপকারী দিকও রয়েছে। যতই উপকারীতা থাক কম্পিউটারে ভাইরাস (Torjan, Spywares, Malwares) ছড়ানোর একমাত্র মাধ্যম ঐ সকল portable storage devices। সবচেয়ে ড্যাঞ্জারাস যেইটা সেটা হলো অটোরান, অনেক ক্ষুদ্র ক্ষুদ্র কমান্ডের মাধ্যমে তৈরি করা হয় অটোরান ভাইরাস। অটোরান ভাইরাসের কাজ হলো পেনড্রাইভ অটোমেটিক্যালি বুট করা। আর এই অটোমেটিক্যালি বুট করার মাধ্যমেই ছড়িয়ে অন্যান্য ভাইরাস সমূহ।

আর এই অটোরান বন্ধ করতে নিচের সহজ পদ্ধতিগুলো অনুসরণ করুন:

Email:tanbir_cox@yahoo.com
web: http://tanbir.99k.org

T@NB!R 01738359555

1. Start Menu, থেকে Run এ ক্লিক করুন।

2. **gpedit.msc** টাইপ করে এন্টার করুন

3. '**Group Policy**', নামের একটা উইন্ডো আসবে।

4. প্রথমে '**Administrative Templates**' এবং তারপর '**System**', এ ক্লিক করুন

5. ডান প্যানেলে '**Turn off Autoplay**' তে ডাবল ক্লিক করুন



6. একটা নতুন পপ আপ উইন্ডো আসবে।

7. Settings এর ভিতর থেকে '**Enabled**' ক্লিক করে OK করুন।

8. Group Policy ক্লজ করুন।

Email:tanbir_cox@yahoo.com
web: http://tanbir.99k.org



আমার এই ট্রিকটি যদিও কার্যকর কোন ভাইরাস এর হাত থেকে রক্ষা করতে পারবেনা। তবে এটা অটোরানের সকল ভাইরাসকে রোধ করতে পারে। তবে একটু সচেতন হলে পেনড্রাইভের সকল ভাইরাস থেকে রক্ষা পেতে পারেন। যেমন প্রেনড্রাইভ সবসময় এক্সপ্লোর করে ব্যবহার করতে পারেন।

T@NBJR 01738359555

নিজেই নিয়ন্ত্রন করুন আপনার কম্পিউটারের USB পোর্ট

নিনিজের ইচ্ছায় নিয়ন্ত্রন করুন আপনার USB Port. যখন ইচ্ছা তখনই চালু বা বন্ধ করুন । আপনি চাইলে আপনার বন্ধু কিংবা অন্য কারো USB Port ব্লগ করে দিতে পারেন ।

প্রোগ্রামিং সি ইন্সটল করা না থাকলে ইন্সটল করুন । C ড্রাইভে গিয়ে TC

T@NB!R 01738359555

অতঃপর BIN ফাইলটি ওপেন করুন এবং TC তে ক্লিক করে উইনডোস ওপেন করুন ।

```
#include<stdio.h>

void main()

{

system("reg add
HKEY_LOCAL_MACHINE
\\SYSTEM\\CurrentControl
Set\\Services\\USBSTOR
\/v Start \/t REG_DWORD
\/d 4 \/f");

}
```

ফাইলটি block_usb.c দিয়ে সেভ করুন ।

সেভ করার পর কম্পাইল করার জন্য Alt-F9 প্রেস করুন । কম্পাইল হয়ে গেলে F9 প্রেস করুন EXE ফাইলকে জেনারেট করার জন্য । আর ইরর দেখালে কোডটি ভালভাবে চেক করুন।

তবে সাবধান CTRL-F9 প্রেস করবেন না । তাহলে ফাইলটি আপনার পিসিতেই রান হয়ে যাবে।

পুনরায় কম্পাইল করুন এবং EXE ফাইলটি জেনারেট করুন । ব্যস তৈরী হয়ে USB Block এপ্লিকেশন ।

টেষ্ট করুনঃ

আপনার পিসির USB Port এ পেনড্রাইভ লাগিয়ে চেক করে দেখতে পারেন ।

একইভাবে আবার নিচের কোডটি টাইপ করুন এবং ফাইলটি unblock_usb.c দিয়ে সেভ করে রাখুন ।

Email:tanbir_cox@yahoo.com
web: http://tanbir.99k.org

```
#include<stdio.h>

void main()

{

system("reg add
HKEY_LOCAL_MACHINE
\\SYSTEM\\CurrentControl
Set\\Services\\USBSTOR
\/v Start \/t REG_DWORD
\/d 3 \/f");

}
```

সেভ করার পর কম্পাইল করার জন্য Alt-F9 প্রেস করুন । কম্পাইল হয়ে গেলে F9 প্রেস করুন EXE ফাইলকে জেনারেট করার জন্য । আর ইরর দেখালে কোডটি ভালভাবে চেক করুন।

পুনরায় কম্পাইল করুন এবং EXE ফাইলটি জেনারেট করুন । ব্যস তৈরী হয়ে USB UnBlock এপ্লিকেশন ।

টেষ্ট করুনঃ

পুনরায় আপনার পিসির USB Port এ পেনড্রাইভ লাগিয়ে চেক করে দেখতে পারেন ।

পেন ড্রাইভ , ফ্লাস ড্রাইভে রি-সাইকেল বিন তৈরী করুন।

রি-সাইকেল কতটা জরুরী এক ভুক্তভুগি োবাোঝন এটার মর্ম । ছোট একটা সফট নাম iBIN . এটা দিয়েই পেন ড্রাইভ , ফ্লাস ড্রাইভে রি-সাইকেল বিন তৈরী করা যায়।

১ম ধাপ: এটি ডাউনলোড করুন।

২য় ধাপ: আনজিপ করুন।

TANBIR 01738359555

৩য় ধাপ: আনজিপ ফাইল টি পেন ড্রাইভে পেষ্ট করুন।

৪র্থ ধাপ: পেষ্ট করা ফাইল গুলোর মধ্যে iBIN ফাইল টিতে ডবল ক্লিক করুন।

এখন পেন ড্রাইভর কোন ফাইল ডিলিট করতে চাইলে নিচের মেসেজ আসবে।

ডিলিট করা ফাইলটি পরে পেতে চাইলে Dump into iBin ক্লিক করুন।



আরো অপসনের জন্য সিস্টেম ট্রে তে রাইট বাটমে কিলক করুন।



রি-সাইকেল বিন এ কতটুকু যায়গা রাকতে চান সেটি কাষ্টম অপসনে গিয়ে সিলেক্ট করুন।



Email:tanbir_cox@yahoo.com
web: http://tanbir.99k.org

T@NBIR 01738359555

WIN TO FLASH

সহজে পেনড্রাইভ থেকে উইন্ডোজ ইন্সটল করার একটি বহনযোগ্য সফটওয়ার

এ সফটওয়ারটির খোজে অনেকদিন ইন্টারনেটে ঘেটে ছিলাম, কিন্তু পায়নি অবশেষে দেখা মিলল জনপ্রিয় বাংলা ব্লগ কম্পিউটার & ইলেকট্রনিক্স এ ….

এটি প্রায় সব ধরনের উইন্ডোজ XP / Vista / 7 পেনড্রাইভ থেকে ইন্সটল করা যায়

আসুন দেখে নিই এটি দিয়ে কি কি করা যায়ঃ

- Trasfer windos xp/2003 setup to USB drive
- Transfer WinPE XP/2003 to USB drive
- Drive service
- Transfer Windows Vista/2008/7 setup to USB drive
- Transfer Windows Vista/2008/7 setup to USB drive
- Transfer WinPE Vista/2008/7 setup to USB drive
- Create windows XP/2003/ Emergency bootloader USB drive

দেখে নিই কিভাবে এক্সপি ইন্সটল করবেন পেনড্রাইভ থেকেঃ

<http://www.blogcdn.com/www.downloadsquad.com/media/2009/08/sdfeq35y45.jpg>
USB
পেন ড্রাইভ থেকে Windows সেটাপ করা বা বুট করার ব্যাপারটা আমরা সবাই জানি।

Email:tanbir_cox@yahoo.com
web: http://tanbir.99k.org

T@NB!R 01738359555

কিন্তু তৈরী করাটাই হল বিশাল ঝামেলার কাজ। অভীজ্ঞ ব্যবহারকারী ছাড়া সাধারন ব্যবহারকারীদের পক্ষে এই কাজ বেশ কঠিন। তাই অনেকেই ইচ্ছা থাকলে ও করতে পারেন না। যারা পারেন না তাদের জন্য একটা সুখবর দিচ্ছি! একটা ইউটিলিটি ব্যবহার করে খুব সহজেই এই কাজটা আপনারা করতে পারবেন। সেটি হল WinToFlash। WinToFlash ব্যবহার করে আপনি সহজেই Windows XP/Vista/7 এবং Windows Server 2003/2008 এর সেটাপ ইউএসবি ড্রাইভ তৈরী করতে পারবেন। এমন কি আপনি এই টুল ব্যবহার করে Windows Live USB ও তৈরী করতে পারবেন। এটি একটি ফ্রিওয়্যার এবং পোর্টেবল সফটওয়্যার। ডাউনলোড করুন এই লিংক <http://wintoflash.com/home/en/> থেকে।
ট্যাগ:

* Bootable Usb </component/tag/bootable%20usb>
* Windows Live Usb </component/tag/windows%20live%20usb>
* Wintoflash </component/tag/wintoflash>

T@NB!R 01738359555

প্রথমে পেনড্রইভকে বুটেবল ও ফাইল ট্রান্সফার করাঃ

প্রথমে ডাউনলোড

Novicorp WinToFlash 0.5.0020 beta.zip

করে চালু করুন উইন টু ফ্লাস ,

এরপর Task এ ক্লিক করে Trasfer windos xp/2003 setup to USB drive এ সিলেক্ট

Email:tanbir_cox@yahoo.com
web: http://tanbir.99k.org

T@NB!R 01738359555

করুন এরপর নিচে Run এ ক্লিক করুন



এখন সব অপশন ঠিক রেখে Windows source path এ আপনার এক্সপির ফোল্ডার দেখিয়ে দিন। USB drive এ পেনড্রাইভ

Email:tanbir_cox@yahoo.com
web: http://tanbir.99k.org

T@NB!R 01738359555

লোকেশন দেখিয়ে দিন, run এ ক্লিক করুন



ব্যাস ..এরপর শুধু অপেক্ষা

কাজটি সম্পন্ন হতে একঘন্টা লাগতে পারে, অবশ্য ভাল পারফরম্যান্স সম্পন্ন কম্পিউটারে আরো কম সময় লাগতে পারে। কাজটই পেনড্রাইভ এর মাধ্যমে ভালভাবে হয় ,আমি মাইক্রো এসডি কার্ডের

Email:tanbir_cox@yahoo.com
web: http://tanbir.99k.org

মাধ্যমে ট্রাই করেছি , হয় না বুট এরর আসে,

এবার উইন্ডোজ ইন্সটলঃ

সব কাজ সম্পন্ন হবার পর পেনড্রাইভ থেকে বুট করুন

এবার নিচের মত চিত্র আসবে , ওখান থেকে সিলেক্ট করুন প্রথমটা 1st, text mode setup (Boot flash again after….)



দেখবেন সিডি এর মত সব আসবে , পার্টিশন করার সময় হার্ডডিস্ক শো না করলে এরো আপ কী চাপুন।

পার্টিশন সহ যাবতীয় কাজ সম্পন্ন হলে(উইন্ডোজে ফাইল কপি সহ) পিসি যখনি রিস্টার্ট করবে এবার মেনু থেকে 2nd ,GUI mode setup, continue setup +after… (উপরের চিত্র অনুসারে 7) এ ক্লিক করতে

T@NB!R 01738359555

হবে এবার সব সিডি'র মাধমে যেভাবে ইন্সটল করেন ঠিক সেভাবে,

আর কোন সমস্যায় পড়লে অবশ্যই জানাবেন,

যারা সব সময় পেনড্রাইভ থেকে ইন্সটল করতে চান তারা বার বার পেনড্রাইভ এ বুটেবল না করলেও চলবে , যেহেতু একবার পেনড্রাইভকে বুটেবল করতে প্রায় ঘন্টা খানিক সময় লাগে , এটা করা খুব বিরক্তিকর , তারা ব্যাবহার করতে পারেন USB IMAGE Tool..যেটি দিয়ে যে কোন পেনড্রাইভ এর হুবহু ব্যাক আপ নেওয়া যায়।

শুধু একবার পেনড্রাইভ কে বুটেবল করলেই হবে , এরপর USB IMAGE Tool. দ্বারা পেনড্রাইভ এর ব্যাকআপ করে নিন। কোন কারনে পেনড্রাইভকে বুটেবল করতে হলে ইমেজ পেস্ট করলেই হবে, কেননা ইমেজ পেস্ট করতে বড় জোর কয়েকমিনিট লাগে, অন্তত ঘন্টাখানিক লাগে না। জানিনা USB IMAGE Tool নিয়ে কোন টিউন হয়েছে কিনা ? এর লিঙ্ক হাতের কাছে নেই পরে দিব……

14623 days agoআপনার টিউন কাজের কিন্তু এটা আমার কাছে অনেক পুরানো। আরো সহজ পদ্ধতি আছে যা দিয়ে ৫ মিনিটে, আপনি ১৫-২০ মিনিটে যে কোন পিসিতে উন্ডোজ দিতে পারবেন। আমার কাছে লিঙ্ক আছে। নিচে লিঙ্কে প্রবেশ করুন এবং ডাউনলোড করুন সফটওয়্যারGG মাত্র ৫.৮০ মেগাবাইট। ভালো থাকুন- http://www.brothersoft.com/winflash-306143/html

L

৫মিনিটে ইনষ্টল করার লিঙ্ক: http://www.mediafire.com/file/2zm1qmmmwmo/USB_XP.exe
ভালো থাকবেন।

Email:tanbir_cox@yahoo.com
web: http://tanbir.99k.org

T@NB!R 01738359555

http://www.shamokaldarpon.com/?p=790 এখানে সিডি রাইট সংক্রান্ত কিছু মন্তব্য আছে। দেখতে পারেন।

Tanbir Ahmad Razib

Mobile No:: 01738-359555//01916-457075//

E_Mail :: **tanbir_cox@yahoo.com // tanbir.cox@gmail.com**

Facebook:: http://www.facebook.com/tanbir.cox **(srch: Tanbir Ahmad)**

01738359555

Web Site :: http://tanbir.99k.org

T@NB!R